দৈনিক ইনকিলাব
তারিখ 14 MAY 2005
পৃষ্ঠা ১১ কলাম ৩

৩০ মে সারাদেশে বিক্ষোভ মিছিল

# নির্যাতিত শিক্ষক-কর্মচারীদের সাথে শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদের মতবিনিময় সভা

স্টাফ রিপোর্টার ঃ বর্তমান সরকারের আমলে অন্যায়ভাবে চাকরিচ্যুত, এমপিও স্থগিত, নির্যাতিত শিক্ষক-কর্মচারীদের সাথে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ গতকাল (শুক্রবার) এক মতবিনিময় সভার আয়োজন করে। সভায় সর্বসম্মতিক্রমে ৬টি প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবসমূহ বাস্তবায়নের লক্ষ্যে আগামী ৩০ মে বিকাল তিনটায় ঢাকার মুক্তাঙ্গনে এবং সারাদেশে জেলা সদরে দুপুর বারটায় বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভার কর্মসূচী ঘোষণা করা হয়।

বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের অন্যতম আহ্বায়ক প্রিন্সিপাল এম এ আউয়ালের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সংগঠনের আহবায়ক ড. ম. আখতারুজ্জামান, প্রদীপ চক্রবর্তী, সমন্বয়কারী মোঃ আবুবকর সিদ্দিক, প্রফেসর এম এ বারী, মোঃ জহির উদ্দিন, চৌধুরী খুরশিদ আলম, কে এম আবুল হাসান, মণি হালদার প্রমুখ এবং চাকরিচ্যুত, নির্যাতিত, এমপিও স্থগিতকৃত শিক্ষকদের মধ্যে শাহজাহান আলম সাজু, শ্যামলী নাসরিন চৌধুরী, আলাউদ্দিন ভূঁইয়া, আবুল কাশেম প্রমুখ আলোচনায় অংশ নেন।

সভায় নির্যাতিত, চাকরিচ্যুত শিক্ষক-কর্মচারীদের জন্য সমবেদনা প্রকাশ, চাকরিচ্যুতদের অবিলম্বে চাকরিতে পুনর্বহাল, ভুক্তভোগীদের আইনী সহযোগিতা দান, অযৌক্তিকভাবে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এমপিও স্থগিতাদেশ প্রত্যাহার, বেতন স্কেলে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অন্তর্ভুক্তকরণ ও আসন্ন বাজেটে শিক্ষক-কর্মচারীদের ১০ শতাংশ বেতন বৃদ্ধির আহ্বানসম্বলিত ৬ দফা প্রস্তাব গ্রহণ করা হয়। এই দাবী আদায়ে আগামী ৩০ মে ঢাকার মুক্তাঙ্গনে এবং সারাদেশের জেলা সদরে দুপুর বারটায় বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হবে।